



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-১)  
www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.৬১৭

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫

২৯ মে ২০১৮

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আপনি জনাব মোঃ হোচাইন মিয়া সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কসপে অফিস সহকারী কাম-টাইপিষ্ট পদে কর্মরত আছেন। আপনি গত ০১/১১/১৯৮৩খ্রিঃ তারিখে শর্তসূচক কর্মচারী (সার্ভিস বহি এবং নিয়োগপত্র অনুযায়ী) হিসেবে আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকায় চাকুরীতে যোগদান করেন।

২। কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন প্রতিষ্ঠান সমূহের তৃতীয় ও চতুর্থ শ্রেণী কর্মচারীদের পদোন্নতি প্রদান সংক্রান্ত ১৩/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় প্রধান সহকারী পদে পদোন্নতির জন্য প্রস্তাব উপস্থাপন করা হলে অফিস সহকারী কাম-টাইপিষ্ট জনাব মোঃ হোচাইন মিয়া এর চাকরির ধারাবাহিকতার বিষয়ে যাচাই-বাহাই করার জন্য সুপারিশ করা হয়। তৎপ্রেক্ষিতে গত ২৭/০৩/২০১৮ খ্রিঃ তারিখ আপনার মৌখিক ও লিখিত সাক্ষাতকার গ্রহণ করা হয়। কিন্তু সাক্ষাতকারে আপনি নিম্ন লিখিত বিষয়গুলো স্পষ্ট করেননি-

i) আপনার জন্ম তারিখ ১০/১২/১৯৬৯খ্রিঃ (সার্ভিস বহি এবং এসএসসি সনদ অনুযায়ী) এবং ১৪ বছর ১০ মাস ২১ দিন বয়সে আপনি সরকারী চাকুরীতে যোগদান করেন। অর্থাৎ নিয়োগের সময় আপনার প্রয়োজনীয় বয়স (কাম্য বয়স সর্বনিম্ন ১৮ বছর) ছিল না। সার্ভিস বহি বিভিন্ন জায়গায় কাটাছেড়া/ঘষামাজা (যেমন- নাম ও পদের নাম)। এছাড়া শর্তসূচক কর্মচারী হতে কিভাবে গার্ড পদে নিয়োগ দেয়া হয় তার কোন ব্যাখ্যা/প্রমাণক সার্ভিস বহিতে সংরক্ষিত নেই।

ii) গার্ড পদটি অস্থায়ী রাজস্ব খাতভুক্ত এবং তার চাকুরীও স্থায়ী হয়নি। এছাড়া গার্ড পদটি কাটাছেড়া করে বিভিন্ন জায়গায় কলমে হাতে লিখে এমএলএসএস লেখা হলেও বাম পাশে পদ হিসেবে গার্ড উল্লেখ আছে। সুতরাং হাতে লিখে/এমএলএসএস লিখাটি সন্দেহ জনক এবং এ বিষয়ে কোন ব্যাখ্যা প্রদান করেন নি।

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তরে দপ্তরের স্মারক নং-ভিটি/পদোন্নতি/৭১১/৯৩/৬২৮/(৩২), ১৯/০৪/১৯৯৪খ্রিঃ তারিখ মোতাবেক এল.ডি.এ কাম-টাইপিষ্ট (অস্থায়ী জিওতে) পদে পদোন্নতি পেয়ে ২১/০৪/১৯৯৪খ্রিঃ তারিখ কারিগরি শিক্ষা অধিদপ্তরে যোগদান করেন। পরবর্তীতে অত্র দপ্তরের স্মারক নং-ভিটি/৫৪৭/৯০/হোচাইন/ব্যক্তি/কর্ম/৫০৬৬(৭), ১৫/১২/২০০০খ্রিঃ তারিখ মোতাবেক বদলি হয়ে এল.ডি.এ কাম-টাইপিষ্ট অস্থায়ী পদে ইকুইপমেন্ট অফিসারের কার্যালয়, সেন্ট্রাল স্টোর, নারায়ণগঞ্জে যোগদান করে অদ্যাবধি উক্ত পদে কর্মরত আছেন। গার্ড পদটি অস্থায়ী জিও পদ। অস্থায়ী পদে থেকে অস্থায়ী পদে পদোন্নতির বিধান নেই। অস্থায়ী রাজস্ব পদ গার্ড থেকে এমএলএসএস দেখিয়ে এলডিএ কাম টাইপিষ্ট এর অস্থায়ী পদে পদোন্নতি দেয়া হয়েছে যা বিধি বর্হিভূত।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দন্ড বিধি ৩ এর (বি) ধারা মোতাবেক “অসদাচরন” (Misconduct) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হবে না তা এ বিধিমালা ৭ (বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

৩২-৫-২০১৮

ড. মো: নুরুল ইসলাম  
পরিচালক

জনাব মোঃ হোচাইন মিয়া, অফিস সহকারী কাম টাইপিষ্ট, সেন্ট্রাল  
স্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ, নারায়ণগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.৬১৭/১(২)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫  
২৯ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ, নারায়ণগঞ্জ
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩২-৫-২০১৮

ড. মো: নুরুল ইসলাম  
পরিচালক